

সেরিব্রাল প্যালসি অ্যালায়েন্স (CPA) এই দেশের ঐতিহ্যবাহী রক্ষকদের স্বীকৃতি দেয়, এবং এই দেশের ভূমি, জল এবং সম্প্রদায়ের সাথে তাদের আবহমান সম্পর্ককে সম্মান করে। আমরা অ্যাবরিজিনাল এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডারদের সংস্কৃতি; এবং এদের অতীত, বর্তমান এবং আগামী প্রবীণদের প্রতি শ্রদ্ধা জানাই।

সেরিব্রাল প্যালসি (CP) কী?

আমরা আপনাকে এবং আপনার পরিবারকে সাহায্য করবার জন্য প্রস্তুত। সেরিব্রাল প্যালসির প্রাথমিক পর্যায়ে সাহায্য নিলে, তা আপনার সন্তানের বিকাশ এবং শিক্ষার ক্ষেত্রে একটি বিরাট পরিবর্তন ঘটাতে পারে।

সেরিব্রাল প্যালসি কী?

সেরিব্রাল প্যালসি (CP) হল এমন একটি শারীরিক অবস্থা যা একজন ব্যক্তির মস্তিষ্ক তার পেশিগুলোর সাথে যেভাবে যোগাযোগ করে, তার উপর প্রভাব ফেলে। সেরিব্রাল মানে হল মস্তিষ্ক। আর প্যালসির অর্থ হল পেশির দুর্বলতা। এটি এমন একটি রোগ যা মানুষের জন্মগতভাবে হয়ে থাকে অথবা খুব অল্প বয়সে হতে পারে, এবং এটি শৈশবের সবচেয়ে সাধারণ একটি শারীরিক অক্ষমতা। সিপি (CP) আক্রান্ত লোকদের চলাফেরায়, ভারসাম্য রক্ষায়, এবং কথা বলতে সমস্যা হতে পারে। সিপি আক্রান্ত প্রতিটি ব্যক্তি আলাদা এবং তাদের ভিন্ন ভিন্ন সাহায্যের দরকার হতে পারে।

সেরিব্রাল প্যালসির ধরণ

CP বিভিন্ন ধরণের হয়ে থাকে, যা শরীরকে বিভিন্নভাবে প্রভাবিত করতে পারে। কারও কারও পেশি শক্ত হতে পারে, অন্যদের পেশি দুর্বল হতে পারে, এবং কারও কারও দুটিই থাকতে পারে। CP শরীরের একপাশ বা উভয়পাশকেই প্রভাবিত করতে পারে।

সেরিব্রাল প্যালসি কী কী কারণে হয়?

যখন কোন শিশুর মস্তিষ্ক তার জন্মের আগে, জন্মের সময়ে, কিংবা জন্মের পরে প্রভাবিত হয়, তখন CP হয়। এটি অক্সিজেনের অভাব, সংক্রমণ, অথবা নির্ধারিত সময়ের আগে জন্মের কারণে হতে পারে। এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে CPর জন্য কেউই দায়ী নয়।

Cerebral Palsy ALLIANCE

Bangla

সেরিব্রাল প্যালসির লক্ষণ ও উপসর্গসমূহ

শিশুরা ভিন্ন ভিন্ন হারে বিকাশ লাভ করে এবং সেরিব্রাল প্যালসির লক্ষণগুলো ভিন্ন ভিন্ন হতে পারে। তবে এর মধ্যে থাকতে পারেঃ

- হাঁটা এবং হামাগুড়ির মতো চলাফেরার মাইলফলকগুলো অর্জনে দেরি হওয়া
- হাত ও বাহু ব্যবহারে সমস্যা
- কথা বলা এবং খাওয়া-দাওয়ায় সমস্যা হওয়া



CPA কীভাবে আপনার সন্তানকে সাহায্য করতে পারে

CPর বিশেষজ্ঞ হিসেবে আমরা আপনার শিশুর চলাফেরায় সাহায্য করবার জন্য প্রস্তুত। আমাদের লক্ষ্য হল আপনার সন্তানকে গুরুত্বপূর্ণ কাজগুলো করতে, এবং তাকে একটি সুখী ও সুস্থ জীবন যাপন করতে সাহায্য করা। আমাদের বন্ধুসুলভ কর্মীরা যা যা করতে পারেঃ

থেরাপিঃ আমাদের থেরাপিস্টরা আপনার সন্তানকে চলাফেরা, ভারসাম্য অর্জন, কথা বলা এবং খাওয়া-দাওয়ার ক্ষেত্রে সাহায্য করতে পারেন।

সরঞ্জাম (সহায়ক প্রযুক্তি): আমরা দৈনন্দিন কাজকর্মকে সহজ করার লক্ষ্যে অর্থোটিক্স (পায়ের সাপোর্ট), হুইলচেয়ার এবং যোগাযোগের উপকরণের মতো সরঞ্জামসমূহ সরবরাহ করি।

অন্যান্য সহায়তাসমূহঃ NSW এবং ACT জুড়ে বিভিন্ন কেন্দ্রে সহায়তা পাওয়া যায়, যার মধ্যে রয়েছে ব্যবহারযোগ্য ব্যায়ামাগার, প্রোগ্রাম এবং দন্ত পরিষেবা।

সহায়তার খরচ কিভাবে মেটানো হয়?

NDIS হল একটি সরকারি কার্যক্রম যা প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য থেরাপি এবং সরঞ্জামের মতো সহায়তা পরিষেবাগুলির অর্থায়ন করে। প্রাথমিক পর্যায়ে সহায়তা পাওয়া গুরুত্বপূর্ণ এবং NDIS তহবিল পেতে সময় লাগতে পারে। অপেক্ষা করার সময় CPA আপনাকে অন্য উৎস থেকে তহবিল পেতে সাহায্য করতে পারে।

আমরা আপনাকে এবং আপনার পরিবারকে সাহায্য করতে প্রস্তুত। আপনার কোনো প্রশ্ন থাকলে বা অতিরিক্ত তথ্যের দরকার হলে, অনুগ্রহ করে আমাদের বন্ধুসুলভ কর্মীদের সাথে কথা বলুন।

1300 888 378 নম্বরে কল করুন কিংবা cerebralpalsy.org.au ওয়েবসাইট ভিজিট করুন।

Cerebral Palsy ALLIANCE